

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭:১০

💵 আরবি মূল আয়াত:

وَ اَلقِ عَصَاكَ اَ فَلَمَّا رَاٰهَا تَهتَزُّ كَانَّهَا جَآنٌّ وَّلَٰى مُدبِرًا وَّ لَم يُعَقِّب اَ يُمُوسِٰى لَا تَخَف اِنِّى لَا يَخَافُ لَدَىَّ المُرسَلُونَ ﴿*١٠﴾

আর তুমি তোমার লাঠি নিক্ষেপ কর। তারপর যখন সে ওটাকে সাপের মত ছোটাছুটি করতে দেখল, তখন সে পেছনের দিকে ছুটতে লাগল এবং ফিরে তাকাল না। 'হে মূসা! তুমি ভয় করো না, নিশ্চয় আমার কাছে রাসূলগণ ভয় পায় না'। — আল-বায়ান

তুমি তোমার লাঠি নিক্ষেপ কর; অতঃপর যখন সে ওটাকে ছুটাছুটি করতে দেখল যেন ওটা একটা সাপ, তখন সে পেছনের দিকে ছুটতে লাগল এবং ফিরেও দেখল না। (তখন বলা হল) হে মূসা! তুমি ভয় করো না, নিশ্চয়ই আমার কাছে রসূলগণ ভয় পায় না। — তাইসিক্রল

তুমি তোমার লাঠি নিক্ষেপ কর, অতঃপর যখন সে ওটাকে সর্পের ন্যায় ছুটাছুটি করতে দেখল তখন সে পিছনের দিকে ছুটতে লাগল এবং ফিরেও তাকালনা। বলা হলঃ হে মূসা! ভীত হয়োনা, নিশ্চয়ই আমি এমন, আমার সান্নিধ্যে রাসূলগণ ভয় পায়না। — মুজিবুর রহমান

And [he was told], "Throw down your staff." But when he saw it writhing as if it were a snake, he turned in flight and did not return. [Allah said], "O Moses, fear not. Indeed, in My presence the messengers do not fear. — Sahih International

- ১০. আর আপনি আপনার লাঠি নিক্ষেপ করুন। তারপর যখন তিনি সেটাকে সাপের মত ছুটোছুটি করতে দেখলেন তখন তিনি পিছনের দিকে ছুটতে লাগলেন(১) এবং ফিরেও তাকালেন না। হে মূসা! ভীত হবেন না, নিশ্চয় আমি এমন যে, আমার সান্নিধ্যে রাসূলগণ ভয় পায় না(২);
 - (ك) সূরা আল-আ'রাফে ও সূরা আশ-শু'আরাতে এ জন্য (تعبان) (অজগর) শব্দ ব্যবহার করা হয়েছে। কিন্তু এখানে একে جانً শব্দের মাধ্যমে প্রকাশ করা হচ্ছে। "জান" শব্দটি বলা হয় ছোট সাপ অর্থে। এখানে "জান" শব্দ ব্যবহার করার কারণ হচ্ছে এই যে, দৈহিক দিক দিয়ে সাপটি ছিল অজগর। কিন্তু তার চলার দ্রুত ছিল ছোট সাপদের মতো। সূরা ত্বা-হা-য় (کِیَّةٌ تَسْعَیٰ) (ছুটন্ত সাপ) এর মধ্যেও এ অর্থই বর্ণনা করা হয়েছে।
 - (২) অর্থাৎ আমার কাছে রাসূলদের ক্ষতি হবার কোন ভয় নেই। রিসালাতের মহান মর্যাদায় অভিষিক্ত করার জন্য



যখন আমি কাউকে নিজের কাছে ডেকে আনি তখন আমি নিজেই তার নিরাপত্তার দায়িত্ব নিয়ে থাকি। [দেখুন, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (১০) তুমি তোমার লাঠি নিক্ষেপ কর।' অতঃপর যখন সে ওকে সাপের মত ছুটাছুটি করতে দেখল তখন পিছনে না তাকিয়ে সে বিপরীত দিকে ছুটতে লাগল। (আমি বললাম,) 'হে মূসা! ভয় পেয়ো না; [1] আমার কাছে তো রসূলরা ভয় পায় না।
 - [1] এখান হতে জানা যায় যে, নবীরা অদৃশ্যের (গায়বের) সংবাদ জানতেন না। তাছাড়া মূসা (আঃ) নিজের হাতের লাঠি হতে ভয় পেতেন না। দ্বিতীয়তঃ প্রকৃতিগত ভয় নবীদেরও হয় যেহেতু তাঁরাও ছিলেন মানুষ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3169

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন